



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২১ মার্চ ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

নান্যাচরের বেতছড়িতে এক ব্যক্তিকে মারধর ও
একটি মোটর সাইকেল পুড়িয়ে দিয়েছে সন্ত্রাস-উষাতন বাহিনী

ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির নান্যাচর উপজেলার বেতছড়ি বাজারে আজ ২০ মার্চ শুক্রবার সকালে জেএসএস'র সন্ত্রাস-উষাতন বাহিনীর সশস্ত্র সন্ত্রাসীরা শ্যামরতন চাকমা নামে এক ব্যক্তিকে মারধর ও একটি মোটর সাইকেল আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ সকাল সাড়ে ৯টার দিকে রামহরিপাড়া-কৃষ্ণমা ছড়া এলাকা থেকে অমর চাকমা জঙ্গীর নেতৃত্বে সন্ত্রাস-উষাতন বাহিনীর একদল সশস্ত্র সন্ত্রাসী নান্যাচর উপজেলার বেতছড়ি বাজারে হানা দিয়ে এক তাড়বলীলা চালায়। সন্ত্রাসীরা স্থানীয় বেতছড়ি খামারপাড়ার বাসিন্দা রুনা চাকমার মালিকানাধীন একটি মোটর সাইকেল (ডিসকভার-১৩৫) আগুন দিয়ে পুড়িয়ে দেয়। এছাড়া সন্ত্রাসীরা তন্যা পাড়ার বাসিন্দা শ্যামরতন চাকমা নামে এক চা দোকানদারকেও বেদম মারধর করে। সন্ত্রাসীদের মারধরে তার কপাল ফেঁটে যায়। তাড়বলীলার পর সন্ত্রাসীরা আবারো রামহরিপাড়া-কৃষ্ণমা ছড়ার দিকে পালিয়ে যায়।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, উষাতন তালুকদার এমপি নির্বাচিত হওয়ার পর থেকে জেএসএস সন্ত্রাসীরা বেপরোয়া হয়ে এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড শুরু করেছে। প্রশাসনের ছত্রছায়ায় বিভিন্ন এলাকায় তারা প্রকাশ্যে সশস্ত্র তৎপরতা চালাচ্ছে। যার ফলে এলাকার জনগণ চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন।

বিবৃতিতে তিনি বেতছড়িতে হামলাকারী সন্ত্রাস-উষাতন বাহিনীর সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতার, তাদের সশস্ত্র তৎপরতা বন্ধ করে এলাকার জনগণের জীবনের নিরাপত্তা বিধান করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।